

স্মারক নং- ০৫.৪২.১২৯০.০০৪.৯৯.০৪৫.২২- ১৫

তারিখঃ ০৪ ফাল্গুন ১৪২৮  
১৭ ফেব্রুয়ারি ২০২২

**ঃ হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি ঃ**

স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১ খ্রি. তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নম্বর স্মারকে প্রণীত / জারীকৃত নীতিমালা এবং ০১ মার্চ ২০১৬ খ্রি. তারিখের ৮৮ নং স্মারক এবং স্থানীয় সরকার বিভাগের ১ মার্চ ২০১৮ ২৩৩(১২৫) নং স্মারকে জারীকৃত পরিপত্রের আলোকে নাসিরনগর উপজেলার ভৌগোলিক সীমার মধ্যে অবস্থিত সকল হাট-বাজার ১৪২৯ বাংলা সনের ০১ (পহেলা) বৈশাখ হতে ৩০ (ত্রিশ) চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে নিম্নোক্ত তারিখে ও সময়ে এবং শর্তাধীনে ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা গ্রহণে ইচ্ছুক সর্বসাধারণের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

সময়সূচি ঃ-

দরপত্র বিজ্ঞপ্তির ক্রম	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম পর্যায়	২৮.০২.২০২২ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত	০১.০৩.২০২২ খ্রি. বেলা- ১.০০ ঘটিকা	০১.০৩.২০২২ খ্রি. বেলা-২.০০ ঘটিকা
২য় পর্যায়	১০.০৩.২০২২ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত	১১.০৩.২০২২ খ্রি. বেলা- ১.০০ ঘটিকা	১১.০৩.২০২২ খ্রি. বেলা-২.০০ ঘটিকা
৩য় পর্যায়	২১.০৩.২০২২ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত	২২.০৩.২০২২ খ্রি. বেলা- ১.০০ ঘটিকা	২২.০৩.২০২২ খ্রি. বেলা-২.০০ ঘটিকা
৪র্থ পর্যায়	৩১.০৩.২০২২ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত	০১.০৪.২০২২ খ্রি. বেলা- ১.০০ ঘটিকা	০১.০৪.২০২২ খ্রি. বেলা - ২.০০ ঘটিকা
৫ম পর্যায়	০৬.০৪.২০২২ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত	০৭.০৪.২০২২ খ্রি. বেলা- ১.০০ ঘটিকা	০৭.০৪.২০২২ খ্রি. বেলা - ২.০০ ঘটিকা

১৪২৯ বাংলা সালে ইজারা প্রদানযোগ্য হাট-বাজারের তালিকা, সরকারি মূল্য ও দরপত্রের মূল্য সংক্রান্ত বিবরণ ঃ

ক্রঃ নং	হাট-বাজারের নাম	আওতাধীন ইউনিয়নের নাম	১৪২৯ বাংলা সনের সরকারি ইজারা মূল্য	দরপত্রের মূল্য (অফেরতযোগ্য)
০১.	চাতলপাড় গরুর বাজার	চাতলপাড় ইউনিয়ন	৪২,২৯,৯৩০/-	৬,২০০
০২.	চাতলপাড় বড় বাজার		১১,০২,৪০০/-	৩,০০০
০৩.	*চাতলপাড় চক বাজার		৪,৭৭,৩৫৪/-	১৪০০
০৪.	*ভল্লাকুট বাজার	ভল্লাকুট ইউনিয়ন	৪,৮২,১৫৯/-	১৪০০
০৫.	*গোয়ালনগর বাজার	গোয়ালনগর ইউনিয়ন	৪৪১৮/-	৫০০
০৬.	*নাসিরনগর বাজার	নাসিরনগর ইউনিয়ন	২,০২০০২/-	১০০০
০৭.	নাসিরপুর বাজার		৩৬০৪০/-	৫০০
০৮.	কুলিকুন্ডা গরুর বাজার		১৬৫৭৭/-	৫০০
০৯.	*লক্ষীপুর বাজার	বুড়িশ্বর ইউনিয়ন	২৪৪৯/-	৫০০
১০.	ফান্দাউক গরুর বাজার	ফান্দাউক ইউনিয়ন	৬৩,২৯,৯৪৩/-	১৩,২০০
১১.	*ফান্দাউক বাজার		১,৫৬,৯৫৬/-	১০০০
১২.	*গুনিয়াউক বাজার	গুনিয়াউক ইউনিয়ন	৬৩,৬০৬/-	৫০০
১৩.	*চাপরতলা বাজার	চাপরতলা ইউনিয়ন	৩,৬০৭/-	৫০০
১৪.	*চৈয়ারকুড়ি বাজার	গোর্কণ ইউনিয়ন	৫৭,৬৮৮/-	৫০০
১৫.	*শ্যামপুর বাজার	পূর্বভাগ ইউনিয়ন	২৯,৪১৫/-	৫০০
১৬.	*হরিণবেড় বাজার	হরিপুর ইউনিয়ন	৭৫,৫৪৪/-	৫০০
১৭.	*ধরমন্ডল বাজার	ধরমন্ডল ইউনিয়ন	৩,৮৮৮/-	৫০০

শর্তাবলীঃ

০১। বাংলা ১৪২৯ সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

০২। দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর এর অনুকূলে জমা দিতে হবে। এর ব্যত্যয় ঘটলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫%



অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা ইজারাদার/জমাকারী বরাবরে প্রত্যাপন করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পাঁচতর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মূল্যের কম হয় তা হলে কাঙ্ক্ষিত / সরকারি ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত ইজারা প্রদানের কার্যক্রম অব্যাহত থাকবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গাইয়া প্রচার করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না।

যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ ও সময়ে নাসিরনগরস্থ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি)এর কার্যালয়, সোনালী ব্যাংক ও নাসিরনগর থানা (পুলিশ স্টেশন) এবং ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয় হতে দরপত্র নগদ মূল্যে (অফেরত যোগ্য) ক্রয় করা যাবে।


১৮। দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ ও সময়ে নাসিরনগরস্থ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি)এর কার্যালয়, পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া এবং জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া মহোদয়ের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাস্তব দরপত্র দাখিল করা যাবে। নির্ধারিত সময়ের পর কোনক্রমেই দরপত্র গ্রহণ করা হবে না।

১৯। নির্ধারিত তারিখ ও সময়ে দরদাতাদের সামনে(যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।

২০। ১ম তারিখে দরপত্র গ্রহণের পর অ-ইজারাকৃত হাট বাজার সমূহের জন্য পরবর্তী ধার্য তারিখে দরপত্র গ্রহণ করা হবে এবং দরপত্র গ্রহণের তারিখ গুলোতে অ-ইজারাকৃত হাট বাজার সমূহের জন্য এ কার্যধারা অব্যাহত থাকবে।

২১। ইজারা সংক্রান্ত তথ্যাদি অফিস চলাকালীন অত্রাফিস হতে জানা যাবে।

২২। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
হালিমা খাতুন

উপজেলা নির্বাহী অফিসার

নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া

ফোন : ০৮৫২৬-৫৬০০১

unonasirnagar@gmail.com

০৪ ফাল্গুন ১৪২৮

তারিখঃ ১৭ ফেব্রুয়ারি ২০২২

স্মারক নং- ০৫.৪২.১২৯০.০০৪.৯৯.০৪৫.২১- ২৫

০১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।

০২। পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

অনুলিপি : অবগতি ও কার্যার্থে।

০৪। উপজেলা ..... কর্মকর্তা, নাসিরনগর। নোটিশ বোর্ডে প্রদর্শন ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।

০৫। চেয়ারম্যান.....(সকল) ইনিয়ন পরিষদ, নাসিরনগর। বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।


০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..... ইউনিয়ন ভূমি অফিস। টোল-সহরতের মাধ্যমে হাট বাজার ও জনসমাগম স্থানে বহুল প্রচারের ব্যবস্থা করার জন্য এবং প্রচার শেষে জারীর প্রতিবেদন অত্রাফিসে প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হলো।

০৭। সভাপতি/সেক্রেটারী.....বাজার ব্যবস্থাপনা কমিটি। বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।

০৮। জনাব-----, গ্রাম ----- উপজেলা-নাসিরনগর, জেলা-ব্রাহ্মণবাড়িয়া।

(-----বাংলা সনের লীজ গ্রহীতা, ----- হাট-বাজার।)

০৯। নোটিশ বোর্ড।



উপজেলা নির্বাহী অফিসার

নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া

ফোন-০৮৫২৬-৫৬০০১